

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
শৃঙ্খলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২২.১৯

তারিখঃ /০৮/২০১৯ খ্রি:

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ রাজীব দেবনাথ, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), রাজনগর, মৌলভীবাজার গত ২৬/০৯/২০১৭ খ্রি: তারিখ হতে ০৭/০৪/২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত মোট ৬ (ছয়) মাস ১২ (বার) দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং সরকারের অনুমতি ব্যতিরেকে (বহি: বাংলাদেশ ছুটি ব্যতীত) বিদেশ গমন করেছেন মর্মে অভিযোগ পাওয়া যায় ;

যেহেতু, উক্ত অপরাধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক অভিযুক্তের বিরুদ্ধে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)' এর অভিযোগে বিভাগীয় মামলা বুজু করে অত্র বিভাগের গত ২৬/০৫/২০১৯ খ্রি: তারিখের ৫৯.০০.০০০০. ১১৭. ২৭.০২২.১৯-৪৭ নম্বর স্মারক মারফত কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ১৩/০৬/২০১৯ খ্রি: তারিখে লিখিত জবাব প্রেরণপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং গত ১৬/০৭/২০১৯ খ্রি: তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ রাজীব দেবনাথ, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), রাজনগর, মৌলভীবাজার ব্যক্তিগত শুনানিতে তিনি তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা স্বীকার করেছেন এবং তাঁর কৃত তুলের জন্য নি:শর্ত ক্ষমা প্রার্থনা করেছেন। তাঁকে বর্তমানে চাকরি করার সুযোগ প্রদান করলে তিনি সমস্ত বিধি-বিধান প্রতিপালনপূর্বক চাকরিতে নিয়োজিত থাকবেন মর্মে শুনানিকালে জানান।

সেহেতু, ডাঃ রাজীব দেবনাথ, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), রাজনগর, মৌলভীবাজার-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য ইত্যাদি বিষয় পর্যালোচনাপূর্বক অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি ৪(২)(ক) মোতাবেক তাঁকে 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তাঁর অমানুমোদিত অনুপস্থিতকালীন সময়কালকে অর্থাৎ গত ২৬/০৯/২০১৭ খ্রি: তারিখ থেকে গত ০৭/০৪/২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত মোট ৬ মাস ১২ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(শেখ ইউসুফ হারুন)

সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয় তেজগাঁও, ঢাকা।


(পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের এক কপি অত্র শাখায় প্রেরনের অনুরোধসহ)

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২২.১৯-৬৬

তারিখঃ ১০/৮/২০১৯ খ্রি.

অনুলিপি, সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (তথ্যটি সংশ্লিষ্ট রেজিষ্টারে/কম্পিউটারে সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মৌলভীবাজার।
- ৪। ডাঃ রাজীব দেবনাথ, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), রাজনগর, মৌলভীবাজার।
- ৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মৌলভীবাজার।
- ✓ ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

  
০০/০৮/১৯  
(মোহাম্মদ আলী)  
সহকারী সচিব  
ফোন-৯৫৪৫২২৬